

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৩৪

२०/ जिशापत कायीनाठ (إليه عن رسول الله عن ا

পরিচ্ছেদঃ ৯. আল্লাহ্ তায়ালার রাস্তায় যে লোক বুড়ো হয়েছে তার সাওয়াব

باب مَا جَاءَ فِي فَضْلِ مَنْ شَابَ شَيْبَةً فِي سَبِيلِ اللَّهِ

আরবী

حَدَّقْنَا هَنَّادٌ، حَدَّقْنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الأَعْمَشِ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ، أَنَّ شُرَحْبِيلَ بْنَ السِّمْطِ، قَالَ يَا كَعْبُ بْنَ مُرَّةَ حَدِّقْنَا عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ شَابَ عليه وسلم وَاحْذَرْ . قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ شَابَ شَيْبَةً فِي الإِسْلاَمِ كَانَتْ لَهُ نُورًا يَوْمَ الْقِيَامَةِ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ فَضَالَةَ بْنِ عُبْيْد وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو . وَحَدِيثُ كَعْبِ بْنِ مُرَّةَ حَديثٌ حَسَنٌ . هَكَذَا رَوَاهُ الأَعْمَشُ عَنْ عَمْرو بْنِ مُرَّةً وَقَدْ رُوييَ هَذَا الْحَديثُ عَنْ مَنْصُورٍ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ وَأَدْخَلَ بَيْنَهُ وَبَيْنَ كَعْبِ بْنِ مُرَّةً فِي الإِسْنَادِ رَجُلاً . وَيُقَالُ كَعْبُ بْنُ مُرَّةَ وَيُقَالُ مُرَّةُ بْنُ كُعْبٍ الْبَهْزِيُّ وَالْمَعْرُوفُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ لَلهُ عَلِيهُ وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رُوى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رُوى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرَّةُ بْنُ كَعْبٍ الْبَهْزِيُّ وَقَدْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَحَادِيثَ .

বাংলা

১৬৩৪। সালিম ইবনু আবূল জাদ (রাহঃ) হতে বর্ণিত আছে, শুরাহবীল ইবনুস সিমত (রাহঃ) বলেন, হে কা'ব ইবনু মুররা! আমাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীস শুনান এবং সতর্কতা অবলম্বন করুন। তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ যে লোক মুসলিম অবস্থায় বুড়ো হল, তার জন্য কিয়ামতের দিন একটি বিশেষ আলোকবর্তিকা থাকবে।

সহীহ, সহীহা (১২৪৪), মিশকাত তাহকীক ছানী (৪৪৫৯)

আবূ ঈসা বলেন, ফাযালা ইবনু উবাইদ ও আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। কাব ইবনু মুররার হাদীসটি হাসান। কাব ইবনু মুররার হাদীসটি আমর ইবনু মুররা হতে আমাশ এরূপই বর্ণনা করেছেন। মানসূর-সালিম ইবনু আবিল জাদ হতেও এই হাদীসটি বর্ণিত হয়েছে। তবে সনদের মধ্যে অন্য একজন বর্ণনাকারীকে সালিম ও কাব-এর মাঝখানে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাকে কাব ইবনু মুররাও বলা হয় এবং মুররা



ইবনু কাব আল-বাহযীও বলা হয়। তবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একজন সাহাবী হিসাবেই মুররা ইবনু কাব আল-বাহযী (রাঃ) প্রসিদ্ধ ও স্বতন্ত্র ব্যক্তি। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অনেকগুলো হাদীস বর্ণনা করেছেন।

English

Narrated Shurahbil bin As-Samt:

"O Ka'b bin Murrah! Relate (something) to is from the Messenger of Allah (ﷺ), and be cautious. He said: 'I heard the Prophet (ﷺ) say: "Whoever develops some gray hair in Islam, it shall be a light from him on the Day of Judgement."

[Abu 'Eisa said:] There is something on this topic from Fadalah bin 'Ubaid and 'Abdullah bin 'Amr. The narration of Ka'b bin Murrah was reported like this from Al-A'mash, from 'Amr bin Murrah.

This Hadith is been reported from Mansur, from Salim bin Abu Al-Ja'd, and he included a man between him and between Ka'b bin Murrah in the chain. He is called: "Ka'b bin Murrah," and he is called: "Murrah bin Ka'b Al-Bahzi," and the one known among the Companions of the Prophet (ﷺ) is Ka'b bin Murrah Al-Bahzi, he reported some Ahadith from the Prophet (ﷺ).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবন আবুল জা'দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন